



প্রিয় NYC পাবলিক স্কুলের শিক্ষার্থীদের পিতামাতা/অভিভাবকগণ:

আমরা আপনাকে অবহিত করার জন্য লিখছি যে আপনি যদি 2021-2022 শিক্ষা বছরে, 2022-এর সামারে, কিংবা 2023-এর সামারে এনরোলকৃত কোনো শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক হয়ে থাকেন, তবে আপনি একটি ফুড বেনিফিট কার্ডের জন্য যোগ্য, যা আপনি হয়তো এখনো গ্রহণ করেননি।

যেসব শিক্ষার্থী NYCPS-এ 2021-2022 শিক্ষা বছরে, 2022-এর সামারে, কিংবা 2023-এর সামারে এনরোলকৃত ছিল তাদের পিতামাতা বা অভিভাবকদের ইতোমধ্যে একটি P-EBT ফুড বেনিফিট কার্ড পাওয়া উচিত। এই কার্ডগুলো ধারাবাহিকভাবে 2023-এর মে মাস থেকে 2023-এর ডিসেম্বরের মধ্যে পিতামাতা/অভিভাবকদের ইস্যু করা হয়েছে।

প্যান্ডেমিক ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার প্রোগ্রাম (P-EBT) হলো একটি ফেডারেল প্রোগ্রাম যা প্যান্ডেমিক বা বিশ্বব্যাপী মহামারীর কারণে স্কুল বন্ধ থাকার ফলে যেসব শিক্ষার্থী স্কুলের মিল বা খাবার পাবার সুযোগ হারিয়েছে তাদের খাদ্য সহায়তা বা ফুড বেনিফিট প্রদান করে। এই বেনিফিট বা সুবিধাগুলোয় তহবিল ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (EBT) কার্ড হিসেবে রূপ নেয়, যা SNAP (ফুড স্ট্যাম্প) কার্ডের মতো একই ভাবে ব্যবহার করা যেতে পারে। যদিও এটা NYCPS-এর কোনো প্রোগ্রাম নয়, আমরা আপনাদের অবহিত করতে চেয়েছি কারণ সেসময়ের মাঝে NYCPS-এর স্কুলগুলোতে এনরোলকৃত বা নথিভুক্ত সকল শিক্ষার্থী যোগ্য।

এই সময়ে, বহু পিতামাতা/অভিভাবক এখনো এই সুবিধার সুযোগ নেয়নি, যেখানে মিলিয়ন মিলিয়ন ডলার অব্যবহৃত রয়ে গেছে। এই অর্থ এখনো খাবারের জন্য ব্যয় করা যেতে পারে, এবং এই সুবিধা বা বেনিফিটগুলোর প্রথমটি শীঘ্রই মেয়াদোত্তীর্ণ হতে পারে। কোনো তহবিল অব্যবহৃত রয়ে গেছে কিনা তা জানার জন্য পিতামাতা/অভিভাবকদের বেনিফিট হেল্পলাইনে (এই চিঠির পিছনে দেয়া আছে) ফোন করা উচিত।

সকল যোগ্য শিক্ষার্থীদের পরিবারদের জন্য বেনিফিট স্বয়ংক্রিয়ভাবে ইস্যু করা হয়েছিল। যেসব শিক্ষার্থীর পরিবার SNAP, সাময়িক সহায়তা বা টেম্পোরারি অ্যাসিস্ট্যান্স, অথবা মেডিকেলিড বেনিফিট গ্রহণ করছেন, P-EBT বেনিফিট সেসব পারিবারিক অ্যাকাউন্টগুলোতে দেয়া হয়েছিল। অন্য সকল শিক্ষার্থীদের জন্য, সুনির্দিষ্টভাবে P-EBT-এর জন্য প্রতিটি শিক্ষার্থীকে নতুন কার্ড ইস্যু করা হয়েছিল এবং শিক্ষার্থীদের বাড়ির ঠিকানায় সরাসরি ডাকযোগে পাঠানো হয়েছিল। বেনিফিট বা সুবিধাসমূহ ধারাবাহিকভাবে 2023-এর মে মাস থেকে 2023-এর ডিসেম্বরের মধ্যে ইস্যু করা হয়েছিল।

আপনি যদি কার্ডটি পেয়ে থাকেন, কিন্তু সেটা কীভাবে ব্যবহার করতে হবে তা জানেন না, তবে অনুগ্রহ করে এই চিঠির পিছে দেয়া আরো বিস্তারিত তথ্য দেখে নিন। আপনি যদি একটি কার্ড না পেয়ে থাকেন কিন্তু সেসময়ের কোনো NYCPS শিক্ষার্থীর পিতামাতা হয়ে থাকেন, অথবা আপনার কার্ড হারিয়ে ফেলেছেন এবং একটি বদলী কার্ড অর্ডার দেয়া প্রয়োজন, তবে অনুগ্রহ করে পিছে দেয়া নির্দেশাবলী অনুসরণ করুন।

এটা NYCPS-এর কোনো উদ্যোগ নয়, অতএব আপনার যদি আরো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে আরো তথ্যের জন্য এই চিঠির নিচে দেয়া সংস্থানগুলো ব্যবহার করুন।

আপনাকে ধন্যবাদ,

এমা ভাদেহা (Emma Vadehra),
ডেপুটি চ্যান্সেলর, অপারেশনস্ অ্যান্ড
ফাইন্যান্স

কেনিটা লয়েড (Kenita Lloyd),
ডেপুটি চ্যান্সেলর, ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি
এনগেজমেন্ট অ্যান্ড এক্সটারনাল অ্যাফেয়ার্স

অতিরিক্ত সহায়তার জন্য নিম্নোক্ত সংস্থানগুলো আপনার জন্য লভ্য রয়েছে:

P-EBT ফুড বেনিফিট হেল্পলাইন

যদি কোনো পরিবারের প্রশ্ন থাকে, তারা P-EBT ফুড বেনিফিট হেল্পলাইনে **1-833-452-0096** নম্বরে ফোন করতে পারেন।

একটি বদলী কার্ড অর্ডার করতে

পরিবারেরা একটি বদলী P-EBT ফুড বেনিফিট কার্ড **1-888-328-6399** নম্বরে ফোন করে অর্ডার করতে পারেন।

P-EBT ফুড বেনিফিটের মেয়াদ উত্তীর্ণ হয় কি?

P-EBT ফুড বেনিফিট যেদিন ইস্যু করা হয়েছিল সেদিন থেকে 274 দিন EBT অথবা P-EBT ফুড বেনিফিট কার্ডে থাকবে।

আপনি আপনার পরিবারের P-EBT ফুড বেনিফিটের অবশিষ্ট তহবিল বা ব্যালেন্স **connectebt.com** সাইটে কিংবা **1-888-328-6399** নম্বরে ফোন করে জেনে নিতে পারেন।

কর্মসূচিটি সম্পর্কে আরো তথ্যের জন্য

অনুগ্রহ করে **bit.ly/P-EBTfood** দেখুন অথবা নিচের QR কোড ব্যবহার করুন:

